মনোনয়ন তদন্তে পুলিশ সিএবি-তে

এই সময়: ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল (সিএবি)-এর নির্বাচনে মনোনয়ন পত্র বণ্টনে কারচুপির অভিযোগের তদন্তে মঙ্গলবার ইডেন গার্ডেন্সে পৌঁছয় কলকাতা পুলিশের একটি দল। এই ঘটনায় এক কর্মীকে ময়দান থানায় তলব করা হয়েছে।

পুলিশ সূত্রে খবর, এর আগেও এই মামলায় কিছু আধিকারিকের বয়ান নেওয়া হয়েছে। মঙ্গলবার সকালে ময়দান থানার ওসি এবং অ্যাডিশনাল ওসির নেতৃত্বে পুলিশের একটি দল আচমকা সিএবি-তে যায়। সেখানে তাঁরা সংশ্লিষ্ট কয়েকটি ক্লাবের কর্মকর্তাদের সঙ্গে কথা বলেন। জানা গিয়েছে, সিএবি-এর মেল বিতরণ বিভাগের বেশ কয়েকজন কর্মী পুলিশের নজরে রয়েছেন, যার মধ্যে একজনকে বুধবার থানায় ডাকা হয়েছে।

কী অভিযোগ? সম্প্রতি কলকাতা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউটের সদস্য গৌতম দে নামে অভিযোগকারী অভিযোগ দায়ের করেন। ময়দান থানায় সিএবি-এর আধিকারিক এবং একটি বেসরকারি কুরিয়র সংস্থার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন তিনি। এই কুরিয়র সংস্থার ব্র্যান্ড অ্যাম্বাসাডর আবার সৌরভ গঙ্গোপাধ্যায়। সেই অভিযোগের ভিত্তিতেই মামলা রুজু করে পুলিশ। অভিযোগে বলা হয়েছে, নির্বাচনের কাগজপত্র পাঠানোর কুরিয়র রেকর্ডে কারচুপি ও প্রতারণা করা হয়েছে।

শিল্ডে এ বার কঠিন গ্রুপে মোহনবাগান

লিগ জয়ের দৌড়ে ভবানীপুরও

ইস্টবেঙ্গলে যোগ দিতে শহরে এলেন আইভরি কোস্টের আকে আর্নৌদ লোবা

এই সময়: ২২ সেপ্টেম্বর থেকে শুরু হচ্ছে আইএফএ শিল্ড। ৬ টিমের শিল্ডে কলকাতার দুই প্রধানকে রাখা হয়েছে আলাদা গ্রুপে। ‘এ’গ্রুপে ইস্টবেঙ্গলের সঙ্গে আছে মহামেডান (খেলা ২২ সেপ্টেম্বর) ও পাঞ্জাব এফসি (২৮ সেপ্টেম্বর)। মহামেডান-পাঞ্জাব ম্যাচ (২৫ সেপ্টেম্বর)। ‘বি’ গ্রুপে মোহনবাগানের প্রতিপক্ষ শ্রীনিধি এফসি (২৩ সেপ্টেম্বর) ও নর্থইস্ট ইউনাইটেড (২৯ সেপ্টেম্বর)। নর্থইস্ট-শ্রীনিধি খেলবে ২৬ সেপ্টেম্বর)। ২ অক্টোবর দুটো সেমিফাইনাল রাখা হলেও ফাইনাল কবে তা জানানো হয়নি।

মোহনবাগান তুলনামূলক শক্ত গ্রুপে। কারণ নর্থইস্ট ইউনাইটেড গত দু’বছর কলকাতায় ডুরান্ড কাপ জিতেছিল। শ্রীনিধিও ভালো টিম।

এ দিকে, কলকাতা ফুটবল লিগের প্রিমিয়ার ডিভিশনে চ্যাম্পিয়ন হওয়ার আশা জাগিয়ে রাখল ভবানীপুর ক্লাব। মঙ্গলবার ব্যারাকপুর স্টেডিয়ামে সুপার সিক্সের লড়াইয়ে রঞ্জন চৌধুরীর ভবানীপুর ৩-০ হারাল কোল ইন্ডিয়াকে। এই হারে চ্যাম্পিয়নশিপ থেকে ছিটকে গেল কোল ইন্ডিয়া। খেতাবের লড়াইয়ে টিকে রইল ৫ ক্লাব। এ দিন ভবানীপুরের হয়ে গোল করেন মেঘালয়ের এইতালাং, ওয়ানিজা আর পরিবর্ত শ্যামল বেসরা। ১৯ সেপ্টেম্বর ভবানীপুর যদি ইউনাইটেডকে হারাতে পারে, তাহলে তাদের রানার্স হওয়া নিশ্চিত। চ্যাম্পিয়ন হতে গেলে তাদের নিজেদের জয়ের পাশাপাশি তাকিয়ে থাকতে হবে মোহনবাগান-মহামেডানের ড্রয়ের উপর। এই দুই প্রধানের মধ্যে যে জিতবে, সেই চ্যাম্পিয়ন হবে। রঞ্জনের কোচিংয়ে এর আগেও একবার ভবানীপুর রানার্স হয়েছিল। এ বার সুপার সিক্সের প্রথম ম্যাচে তারা মহামেডানের কাছে না হারলে চ্যাম্পিয়ন হওয়ার জন্য তাদের এ ভাবে অন্য ম্যাচের দিকে তাকিয়ে থাকতে হতো না।

এ দিকে, ফুটবলার প্রবীর দাস ৩২ বছর বয়সেই অবসর ঘোষণা করেছেন।

সচিনের রেকর্ড ভাঙলেন টেলর

এই সময়: সচিন তেন্ডুলকরের একটি ওয়ান ডে রেকর্ড ভেঙে দিলেন জিম্বাবোয়ের উইকেটকিপার-ব্যাটার ব্রেন্ডন টেলর। ওয়ান ডে-তে সবচেয়ে লম্বা কেরিয়ারের নজির ছিল সচিনের। খেলেছিলেন ২২ বছর ৯১ দিন। মঙ্গলবার হারারে-তে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ওয়ান ডে-তে খেলার সঙ্গে সঙ্গে সেই রেকর্ড ভাঙলেন ৪০ বছরের টেলর। তাঁর কেরিয়ারের স্থায়িত্ব ২২ বছর ১৪৮ দিন। ২০৭টি ওয়ান ডে ম্যাচে ১১টি সেঞ্চুরি-সহ ৬৭০৪ রান করেছেন টেলর। দীর্ঘ কেরিয়ারের তালিকায় তিন নম্বরে সনৎ জয়সূর্য।

এগিয়ে ট্রাকিলা

সুব্রত দাশগুপ্ত: আজ কলকাতা রেসের সিলেকশন: ২.৩০-অ্যাডমেরিংলি ১, গুডউইল ২, গার্থ ৩। ৩.০০-স্টারলাইনার ১, ভ্যালেরিনা ২, ফিফটি শেডস ৩। ৩.৩০- রয়্যাল মেম্বার ১, কিটারো ২, নুরি ৩। ৪.০০-বিগ বে ১, স্টেলান্টিস ২, সিগার গ্যালাক্সি ৩। ৪.৩০-ট্রাকিলা ১, ব্ল্যাক ঈগল ২, কিং লুইস ৩। ৫.০০-ফরচুন ওয়ারিয়র ১, সিমরন্স অ্যাটিটিউড ২, হ্যাপি মর্ণিং ৩। **দিনের সেরা:** বিগ বে।

বৈঁক ऑफ़ बड़ौदा Bank of Baroda

আঞ্চলিক কার্যালয়: বর্ধমান অঞ্চল
সেকেন্ড ফ্লোর, ৫৪, জি.টি. রোড
ভাঙাকুঠি, বর্ধমান- ৭১৩১০১

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যানেক্সার-এ

স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি; পরিশিষ্ট-৪-এ [সঙ্গে বিধি ৯(১) দেখুন]

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর বিধি ৯(১) এর শর্তাবলীর অধীনে স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্বারা বিজ্ঞপ্তি মারফৎ জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) এবং জামিনদাতা(গণ)কে জানানো হচ্ছে যে, নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি সুরক্ষিত পাওনাদারের কাছে বন্ধক/অভিযুক্ত রয়েছে, যেগুলি ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত পাওনাদার, অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া হয়েছে সেগুলি “যেখানে আছে সেখানে”, “যা কিছু আছে তা” এবং “যেমন আছে তেমন” শর্তে নিম্নলিখিত অ্যাকাউন্ট/গুলির বকেয়া অর্থ পুনরুদ্ধারের জন্য বিক্রয় করা হবে। ঋণগ্রহীতা/গণ/ বন্ধককদাতা/ জামিনদাতা/গণ/সুরক্ষিত সম্পত্তি/গুলি/বকেয়া/সংরক্ষিত মূল্য/ই-নিলামের তারিখ এবং সময়, ইএমডি এবং দর বৃদ্ধির পরিমাণ নিম্নে উল্লেখ করা হল:

ক্রম/লট নং	ঋণগ্রহীতা/গণ / জামিনদাতা/গণ/ বন্ধকদাতা(গণ)- এর নাম ও ঠিকানা	যদি জানা কোনও দায়ভার থাকে তা সমেত স্থাবর/অস্থাবর সম্পত্তির বিস্তারিত বিবরণ	মোট বকেয়া	ই-নিলামের তারিখ ও সময়	সংরক্ষিত মূল্য ইএমডি দর বৃদ্ধির পরিমাণ	দখলের ধরন (গঠনমূলক/ বাস্তবিক)	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়
১	**১. শ্রী নাড়ুগোপাল চক্রবর্তী**, পিতা- জীবন কৃষ্ণ চক্রবর্তী ঠিকানা: তিলোত্তমা অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং জিডি, গ্রাউন্ড ফ্লোর ইন্দা, এইচ.এন ২৬২/২১৬, প্লট নং- ৪২৮৯, কুণ্ডু গলি, খড়গপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর, পিন- ৭২১৩০৫ **২. শ্রীমতি মুনমুন চক্রবর্তী**, স্বামী- শ্রী নাড়ুগোপাল চক্রবর্তী, ঠিকানা: তিলোত্তমা অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং জিডি, গ্রাউন্ড ফ্লোর ইন্দা, এইচ.এন ২৬২/২১৬, প্লট নং- ৪২৮৯, কুণ্ডু গলি, খড়গপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর, পিন- ৭২১৩০৫ **শাখা:** খড়গপুর **অনুমোদিত আধিকারিক:** মিঃ দেবকান্ত গুপ্ত, মোবাইল: ৮৭৯৭০৭০৫৪০ **শাখার যোগাযোগের ব্যক্তি:** মিঃ দেবকান্ত গুপ্ত, মোবাইল: ৮৭৯৭০৭০৫৪০	ফ্ল্যাটের ন্যায়সঙ্গত বন্ধকী যার নং- জি/ডি তিলোত্তমা অ্যাপার্টমেন্টের গ্রাউন্ড ফ্লোরে অবস্থিত, মৌজা- ইন্দা, জেএল নং- ২৩২, প্লট নং- ২৬২/২১৬, থানা- খড়গপুর, জেলা- পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ- ৭২১৩০৫ মিঃ নাড়ুগোপাল চক্রবর্তী এবং মিসেস মুনমুন চক্রবর্তীর নামে রয়েছে, বিল্ড আপ এরিয়া ৬০০ বর্গফুট এবং কার্পেট এরিয়া ৫২৬ বর্গফুট। সীমানার বিবরণ: পূর্বে: লিফট সিঁড়ি এবং কমন জায়গা, পশ্চিমে: ফ্ল্যাট নং জি/এ, উত্তরে: লবি, দক্ষিণে: কমন জায়গা। সেরসাই আইডি: ৪০০০৫১৫৭৪২৮৬	২০,৩৬,১৬২.০০ টাকা ১৮.০৪.২০২৬ তারিখ পর্যন্ত, সঙ্গে ১৮.০৪.২০২৬ থেকে লাগু হওয়া পরবর্তী সুদ এবং অন্য খরচ	১৭.১০.২০২৬ দুপুর ২টো থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত	১৮,৭০,০০০.০০ টাকা ১,৮৭,০০০.০০ টাকা ১০,০০০.০০ টাকা	প্রতীকী	যে কোনও কার্যদিবসে সকাল ১০:০০টা থেকে বিকেল ০৪:০০টে পর্যন্ত

বিক্রয়ের অন্যান্য নিয়ম ও শর্তাবলী বিস্তারিত ভাবে দেখার জন্য, দয়া করে https://www.bankofbaroda.bank.in/e-auction.htm এবং অনলাইন নিলাম পোর্টাল https://baanknet.com-এ প্রদত্ত লিঙ্কটি দেখুন। এছাড়াও, সম্ভাব্য দরদাতারা অনুমোদিত আধিকারিকের সঙ্গে মোবাইল নম্বরে যোগাযোগ করতে পারেন।

১. বিক্রয়টি সুরক্ষিত পাওনাদার ব্যাঙ্কের দ্বারা নিশ্চিতকরণের সাপেক্ষে সম্পন্ন হবে।
২. প্রতীকী দখলের অধীনে থাকা সম্পত্তিগুলির ক্ষেত্রে দরদাতা তাঁর/নিজের ঝুঁকি ও দায়িত্বের ভিত্তিতে প্রতীকী দখলেই সম্পত্তিটি কিনছেন।
৩. ব্যাঙ্ক শুধুমাত্র প্রতীকী ভাবে সম্পত্তির দখল হস্তান্তর করবে এবং নিলামের সফল দরদাতা/ক্রেতা ব্যাঙ্ক থেকে বাস্তবিক দখলের দাবি করতে পারবেন না।
৪. বাস্তবিক দখল হস্তান্তরের জন্য ব্যাঙ্ক দায়বদ্ধ বা কর্তব্যবদ্ধ নয়।
৫. সফল নিলাম ক্রেতা অর্থ ফেরতের যে কোনও ক্ষেত্রে কোনও সুদ দাবি করার অধিকারী নন।
৬. সফল নিলাম ক্রেতাকে ই-নিলামের পরেই উপরোক্ত শর্তাবলী নিশ্চিত পালন করার ঘোষণা সহ অঙ্গীকারপত্র জমা দিতে হবে।
৭. বিক্রির পরে যদি সফল দরদাতা ঘোষণা সহ অঙ্গীকারপত্র জমা দিতে ব্যর্থ হন, তবে দরপত্রের ইএমডির মূল্য বাজেয়াপ্ত করা হবে।

SCAN HERE
For detailed terms & conditions.

বিশদ নিয়ম ও শর্তাবলীর জন্য

তারিখ: ১৬.০৯.২০২৬
স্থান: বর্ধমান

অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা

পূর্ব রেলওয়ে

সংক্ষিপ্ত ই-টেন্ডার নং : ০৫-ডিসিই-কন-এসডিএএইচ-২৬-২৭, তারিখ ১৪.০৯.২০২৬। ডেপুটি চিফ ইঞ্জিনিয়ার/কন, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ৩য় তল, আরএমএস বিল্ডিং, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজের ই-টেন্ডারিংয়ের জন্য টেন্ডার আহ্বান করছেন। **টেন্ডার নং : ০৫-ডিসিই-কন-এসডিএএইচ-২৬-২৭। কাজের নাম:** ডেপুটি সিই/কন/পূর্ব রেলওয়ে, শিয়ালদহের অধিকারক্ষেত্রের আওতায় কেপিএডব্লুএ-তে ইএমইউ, মেমু, ও আইসিএফ নন-এসি কোচের পেন্টিং করার জন্য এলওডব্লু শেড নির্মাণ সহ অন্যান্য আনুষঙ্গিক কাজ। **আনুমানিক মূল্য :** ১৫.৮৯ কোটি টাকা (আনুমানিক)। **বায়নামূল্য :** ৩১,৭৯,৮০০ টাকা। **টেন্ডার নথির মূল্য : শূন্য। খোলার তারিখ:** ০৬.১০.২০২৬ তারিখ দুপুর ৩টে। **কাজ শেষের মেয়াদ :** ১৮ মাস। টেন্ডার নথি এবং অন্যান্য বিস্তারিত বিবরণ ওয়েবসাইট **www.ireps.gov.in**-তে পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে টেন্ডারের জন্য বিডিং জমা করতে হবে। এই টেন্ডারের ক্ষেত্রে ম্যানুয়াল অফার অনুমোদিত নয় এবং কোনও ম্যানুয়াল অফার গৃহীত হলে তা গ্রাহ্য হবে না এবং সরাসরি বাতিল করে দেওয়া হবে।

(CON-37/2026-27)

ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway
@easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং : এলএইচবি-আরএমপিইউ_২৬-২৮, তারিখ ১১.০৯.২৬। ডেপুটি চিফ মেকানিক্যাল ইঞ্জিনিয়ার/সি, পূর্ব রেলওয়ে, কাঁচরাপাড়া, উত্তর ২৪ পরগণা, পো.-কাঁচরাপাড়া, পিন-৭৪৩১৪৫ (প.ব) নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন : **কাজের নাম এবং স্থান :** ওপেন টেন্ডারের ভিত্তিতে একটি ওয়ার্কস চুক্তির মাধ্যমে ক্যারেজ কমপ্লেক্সে বাইরের সংস্থা দ্বারা ২ বছরের মধ্যে ৩৯২টি কোচের (৭৮৪টি আরএমপিইউ অর্থাৎ কোচ প্রতি ২টি করে) এফআরপি ট্রাফ-এর পরিবর্তে আরএমপিইউ-এর নিচে এসএস মেটাল ট্রাফের ব্যবস্থা করা। **কাজের আনুমানিক মূল্য :** ৪,৮৯,১১,০১৯.৯২ টাকা। **বিড সিকিউরিটি জমা করতে হবে :** ৯,৭৮,৩০০ টাকা। **টেন্ডার নথিপত্রের মূল্য : শূন্য। কাজ শেষের মেয়াদ :** ২ বছর। **টেন্ডারের বৈধতা :** ৭২ দিন। **অফার জমার মেয়াদ :** ০৫.১০.২০২৬ তারিখ দুপুর ২টোর আগে ১৫ দিন। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় :** ০৫.১০.২০২৬ তারিখ দুপুর ২টো পর্যন্ত। **টেন্ডার খোলার তারিখ ও সময় :** ০৫.১০.২০২৬ তারিখ দুপুর ৩টের পর যে কোনও সময় টেন্ডার খোলা হবে। **যে ওয়েবসাইটে টেন্ডার নথি পাওয়া যাবে :** টেন্ডার নথির সম্পূর্ণ সেট ভারতীয় রেলের ই-প্রোকিওরমেন্ট ওয়েবসাইট **www.ireps.gov.in** থেকে **১১.০৯.২০২৬ থেকে ০৫.১০.২০২৬ তারিখ দুপুর ২টো পর্যন্ত** পাওয়া যাবে।

(MISC-184/2026-27)

ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway
@easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

ওপেন ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং : সিগ_ডব্লু_৫_পলিসি, তারিখ ১৪.০৯.২০২৬। সিনিয়র ডিভিসনাল সিগন্যাল অ্যান্ড টেলিকম ইঞ্জিনিয়ার, পূর্ব রেলওয়ে, মালদা, কার্যালয় ভবন, পো. - ঝলঝলিয়া, জেলা - মালদা, পিন - ৭৩২১০২ (প.ব.) নিম্নলিখিত কাজের জন্য ওপেন ই-টেন্ডার আহ্বান করছেন। **ই-টেন্ডার নং: এমএলডিটি_এসএনটি_২৬-২৭_২০_ওটি। কাজের নাম :** (ক) ঋষিকুণ্ড ও সারোবাগ স্টেশনে ১ম এফওবি-র ব্যবস্থা সংক্রান্ত এস অ্যান্ড টি এস্টিমেট। (খ) বিজিপি স্টেশনে পিএফ নং ১ এবং পিএফ নং ২ ও ৩-তে একই এফওবি-তে বিদ্যমান সিঁড়িতে ২টি লিফটের ব্যবস্থা সংক্রান্ত এস অ্যান্ড টি এস্টিমেট। (গ) এইএন/বিজিপি-র অধীনে বিজিপি-ডিইউএমকে শাখায় টিকেএলই, ডিডব্লুএলই, বিএইচএলই ও বিআরপিএস স্টেশন এবং অন্যান্য যাত্রী সুবিধার উন্নয়ন। (ঘ) জিজেডএম, জেএমকিউ, কেটিজে, সিএমএক্স-এ জল সরবরাহ ও ড্রেনেজ সুবিধা সহ পিএফ সার্ফেস, ওয়াটার বুথ, স্টেশন বিল্ডিংয়ের উন্নয়ন। (ঙ) নোয়াপাড়া, এমপিএলই, এমপিএলআর, পিআরডিজি, বিএইচডব্লু, টিপিএইচ-তে জল সরবরাহ ও ড্রেনেজ সুবিধা সহ পিএফ সার্ফেস, ওয়াটার বুথ স্টেশন, বিল্ডিংয়ের উন্নয়ন। (চ) মালদার অফিসার’স রেলওয়ে কলোনিতে সিসিটিভি ক্যামেরার ব্যবস্থা করা। **টেন্ডার মূল্যমান:** ১,২২,১৫,৪৪৬.২৮ টাকা। **বায়নামূল্য:** ২,৪৪,৩০০ টাকা। **ই-টেন্ডার জমার তারিখ ও সময়:** ২১.০৯.২০২৬ থেকে ০৫.১০.২০২৬ তারিখ সকাল ১১টা পর্যন্ত। **ওয়েবসাইটের বিবরণ এবং নোটিস বোর্ডের অবস্থান :** ওয়েবসাইট **www.ireps.gov.in** এবং নোটিস বোর্ড : সিনিয়র ডিএসটিই, ডিআরএম বিল্ডিং, মালদার কার্যালয়।

(MLD-193/2026-27)

ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway
@easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, আসানসোল ডিভিসন, আসানসোল স্টেশন রোড, পিন-৭১৩৩০১ নিম্নলিখিত চুক্তি প্রদানের জন্য আইআরইপিএস পোর্টাল অর্থাৎ ওয়েবসাইট **www.ireps.gov.in**-এর মাধ্যমে ই-অকশন আহ্বান করছেন : **(১) ক্যাটালগ নং : পার্কিং-এএসএন-২৮০। অকশন শুরুর তারিখ ও সময় :** ২৮.০৯.২০২৬ দুপুর ১২.১৫। **ক্র.নং., শ্রেণী ও বিবরণ** নিম্নরূপ : (i) পার্কিং, ডিআরএম কার্যালয়, আসানসোলের বিপরীতে নবনির্মিত মলের নিকট টু হুইলার, থ্রি হুইলার ও ফোর হুইলারের জন্য পার্কিং লট। **(২) ক্যাটালগ নং : পার্কিং-এএসএন-জেডি। অকশন শুরুর তারিখ ও সময়:** ৩০.০৯.২০২৬ দুপুর ১২.১৫। **ক্র.নং., শ্রেণী ও বিবরণ** নিম্নরূপ : (i) পার্কিং, দেওঘর রেলওয়ে স্টেশনের সার্কুলেটিং এলাকায় টু হুইলারের জন্য পার্কিং লট। (ii) পার্কিং, জসিডীহ স্টেশনের পুরনো সার্কুলেটিং এলাকায় ফুড প্লাজা ও র‍্যাম্পের মধ্যবর্তী স্থানে টু হুইলারের জন্য পার্কিং লট। সম্পূর্ণ বিবরণ ও সময়সূচী অনুযায়ী উপরোক্ত ই-অকশনে অংশগ্রহণের জন্য সকল সম্ভাব্য দরদাতাকে ওয়েবসাইট দেখতে পরামর্শ দেওয়া হচ্ছে।

(ASN-261/2026-27) **সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, আসানসোল**

ওয়েবসাইট : www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

---

স্পেশাল ট্রেন

নিউ দিল্লি ও হাওড়া, যোগনগরী ঋষিকেশ ও কলকাতা এবং অমৃতসর ও কলকাতার মধ্যে

আসন্ন দুর্গাপূজা, দীপাবলি ও ছট উৎসবের সময় যাত্রীদের অতিরিক্ত ভিড় সামাল দিতে নিউ দিল্লি ও হাওড়া, যোগনগরী ঋষিকেশ ও কলকাতা এবং অমৃতসর ও কলকাতার মধ্যে স্পেশাল ট্রেন নিম্নলিখিত সংক্ষিপ্ত সময়সূচি, স্টপেজ, চলাচলের তারিখ এবং গঠন অনুযায়ী চলবে ঃ

০৪০৫২/০৪০৫১ নিউ দিল্লি-হাওড়া-নিউ দিল্লি স্পেশাল

নিউ দিল্লি-হাওড়া স্পেশাল			(০৪০৫২) (০৪০৫১)	হাওড়া-নিউ দিল্লি স্পেশাল		
দিন	পৌঁঃ	ছাঃ	স্টেশন	পৌঁঃ	ছাঃ	দিন
শুক্র	—	১৮.১৫	↓ নিউ দিল্লি	০৮.২০	—	সোম
শনি	১৫.৪৩	১৫.৪৫	কিউল	০৯.৩৩	০৯.৩৫	রবি
	১৭.৩২	১৭.৩৪	জসিডি	০৭.২০	০৭.২২	
	১৯.১৭	১৯.২২	আসানসোল	০৪.৫০	০৪.৫৫	
	২৩.৪০	—	**হাওড়া** ↑	—	**০১.৪০**	

উপরোক্ত স্পেশাল ট্রেনগুলি পথিমধ্যে উভয় অভিমুখে গাজিয়াবাদ, আলিগড়, টুন্ডলা, গোবিন্দপুরী, প্রয়াগরাজ, মীর্জাপুর, পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়, বক্সার, আরা, পাটনা, বখতিয়ারপুর, ঝাঝা, মধুপুর, চিত্তরঞ্জন, দুর্গাপুর, বর্ধমান এবং ব্যান্ডেল স্টেশনেও থামবে। **চলাচলের তারিখ/দিন ঃ নিউ দিল্লি থেকে ঃ ০৪০৫২** - ০২.১০, ০৯.১০, ১৬.১০, ২৩.১০, ৩০.১০, ০৬.১১, ১৩.১১, ২০.১১ ও ২৭.১১.২০২৬ তারিখ (শুক্রবার) = ০৯টি ট্রিপ এবং **হাওড়া থেকে ঃ ০৪০৫১** - ০৪.১০, ১১.১০, ১৮.১০, ২৫.১০, ০১.১১, ০৮.১১, ১৫.১১, ২২.১১ ও ২৯.১১.২০২৬ তারিখ (রবিবার) = ০৯টি ট্রিপ। **গঠন ঃ** এসি ৩-টিয়ার - ০২, স্লিপার ক্লাস - ০৮, সাধারণ দ্বিতীয় শ্রেণী (জিএস) - ০৪ এবং এসএলআরডি - ০২ = ১৬টি কোচ। **ক্যাটেগরি ঃ** মেল/এক্সপ্রেস।

০৪৩১২/০৪৩১১ যোগনগরী ঋষিকেশ-কলকাতা-যোগনগরী ঋষিকেশ স্পেশাল

যোগনগরী ঋষিকেশ-কলকাতা স্পেশাল			(০৪৩১২) (০৪৩১১)	কলকাতা-যোগনগরী ঋষিকেশ স্পেশাল		
দিন	পৌঁঃ	ছাঃ	স্টেশন	পৌঁঃ	ছাঃ	দিন
শুক্র	—	২২.২০	↓ যোগনগরী ঋষিকেশ	২৩.৩০	—	সোম
শনি	২০.৫০	২১.০০	গয়া	০০.২৫	০০.৩০	
রবি	০২.০০	০২.০৫	আসানসোল	১৮.০৩	১৮.০৮	রবি
	০৪.৪১	০৪.৪৩	বর্দ্ধমান	১৬.০২	১৬.০৪	
	০৮.০০	—	**কলকাতা** ↑	—	**১৩.৫৫**	

উপরোক্ত স্পেশাল ট্রেনগুলি পথিমধ্যে উভয় অভিমুখে হরিদ্বার, মোরাদাবাদ, বরেলী, শাহজাহানপুর, আলমনগর, উতরেটিয়া, রায় বরেলী, মা বেলহা দেবী ধাম প্রতাপগড়, বারাণসী, পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়, ভাবুয়া রোড, সাসারাম, ডেহরী অন সোন, অনুগ্রহ নারায়ণ রোড, কোডারমা, হাজারীবাগ রোড, পারসনাথ, নেতাজী সুভাষ চন্দ্র বোস জং গোমো, ধানবাদ, দুর্গাপুর, ব্যান্ডেল এবং নৈহাটি স্টেশনেও থামবে। **চলাচলের তারিখ/দিন ঃ যোগনগরী ঋষিকেশ থেকে ঃ ০৪৩১২** - ১৬.১০, ২৩.১০, ৩০.১০, ০৬.১১, ১৩.১১ ও ২০.১১.২০২৬ তারিখ (শুক্রবার) = ০৬টি ট্রিপ এবং **কলকাতা থেকে ঃ ০৪৩১১** - ১৮.১০, ২৫.১০, ০১.১১, ০৮.১১, ১৫.১১ ও ২২.১১.২০২৬ তারিখ (রবিবার) = ০৬টি ট্রিপ। **গঠন ঃ** এসি ২-টিয়ার - ০১, এসি ৩-টিয়ার - ০২, স্লিপার ক্লাস - ০৯, সাধারণ দ্বিতীয় শ্রেণী (জিএস) - ০৪ এবং এসএলআরডি - ০২ = ১৮টি কোচ। **ক্যাটেগরি ঃ** মেল/এক্সপ্রেস।

০৪৬২৪/০৪৬২৩ অমৃতসর-কলকাতা-অমৃতসর স্পেশাল

অমৃতসর-কলকাতা স্পেশাল			(০৪৬২৪) (০৪৬২৩)	কলকাতা-অমৃতসর স্পেশাল		
দিন	পৌঁঃ	ছাঃ	স্টেশন	পৌঁঃ	ছাঃ	দিন
বুধ	—	২০.১০	↓ অমৃতসর	২১.০৫	—	রবি
বৃহঃ	১৭.১০	১৭.২০	গোরখপুর	০১.৪০	০১.৫০	
শুক্র	০৫.৩০	০৫.৩৫	কিউল	১২.২৮	১২.৩০	শনি
	০৭.৪২	০৭.৪৪	জসিডি	১০.২০	১০.২২	
	০৯.৪০	০৯.৪৫	আসানসোল	০৮.০৫	০৮.১০	
	১৫.০০	—	**কলকাতা** ↑	—	**০৪.৪৫**	

উপরোক্ত স্পেশাল ট্রেনগুলি পথিমধ্যে উভয় অভিমুখে বিয়াস, জলন্ধর সিটি, ফাগওয়ারা, ঢন্ডারী কলাং, আম্বালা ক্যান্ট., যমুনানগর জগাধরী, সাহারানপুর, মোরাদাবাদ, বরেলী, শাহজাহানপুর, সীতাপুর, গোন্ডা, কপ্তানগঞ্জ, বগহা, নরকটিয়াগঞ্জ, বেতিয়া, সাগুলি, বাপুধাম মোতিহারী, মুজফফরপুর, সমস্তিপুর, বরাউনি, ঝাঝা, মধুপুর, চিত্তরঞ্জন, দুর্গাপুর এবং বর্দ্ধমান স্টেশনেও থামবে। **চলাচলের তারিখ/দিনঃ অমৃতসর থেকে ঃ ০৪৬২৪** - ০৭.১০, ১৪.১০, ২১.১০, ২৮.১০, ০৪.১১, ১১.১১, ১৮.১১ ও ২৫.১১.২০২৬ তারিখ (বুধবার) = ০৮টি ট্রিপ এবং **কলকাতা থেকেঃ ০৪৬২৩** - ১০.১০, ১৭.১০, ২৪.১০, ৩১.১০, ০৭.১১, ১৪.১১, ২১.১১ ও ২৮.১১.২০২৬ তারিখ (শনিবার) = ০৮টি ট্রিপ। **গঠন ঃ** এসি ২-টিয়ার - ০১, এসি ৩-টিয়ার - ০২, স্লিপার ক্লাস - ০৯, সাধারণ দ্বিতীয় শ্রেণী (জিএস) - ০৬ এবং এসএলআরডি - ০২ = ২০টি কোচ। **ক্যাটেগরি ঃ** মেল/এক্সপ্রেস।

চিফ প্যাসেঞ্জার ট্রান্সপোর্টেশন ম্যানেজার

পূর্ব রেলওয়ে

দক্ষিণ পূর্ব রেলওয়ে - টেন্ডার

টেন্ডার বিজ্ঞপ্তি সংখ্যাঃ ডিআরএমইএনজিজিআরএনসি-৭০-৭১-২০২৬। ভারতের রাষ্ট্রপতির তরফে ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার(ইঞ্জি), দক্ষিণ পূর্ব রেলওয়ে, রাঁচী-৮৩৪০০৩ নিম্নলিখিত কাজের জন্য টেন্ডার আহ্বান করছেনঃ **ক্র.নং.-১। বিজ্ঞপ্তি সংখ্যাঃ ডিআরএমইএনজিজিআরএনসি-৭০-২০২৬। কাজের নামঃ** সিনি. ডিইএন (সাউথ) রাঁচী-র অধিক্ষেত্রে রাঁচী-টৌরী সেকশনে বিসিএম দ্বারা ডীপ স্ক্রীনিং, পিকিউআরএস মেশিনের মাধ্যমে টিএসআর সংশ্লিষ্ট কাজ (টিএসআর ব্যতিরেকে), সেস মেরামতি, ট্রলি রেফিউজ, শেড, স্টোর সম্পর্কিত পি.ওয়ে কাজ সম্পাদন ও অন্যান্য পি.ওয়ে সম্পর্কিত বিবিধ কাজ। **টেন্ডার মূল্যঃ** ৫,৫৮,৪৪,৪১৮.১৮ টাকা। **বায়নামূল্য জমাঃ** ১১,১৬,৯০০ টাকা। **ক্র.নং.-২। বিজ্ঞপ্তি সংখ্যাঃ ডিআরএমইএনজিজিআরএনসি-৭১-২০২৬। কাজের নামঃ** মুরী-চাণ্ডিল (১.৭৪০ টিকেএম) ও মুরী-হাটিয়া (১২.৮৪৩ টিকেএম)-এ টিএসআর (পি) এবং মুরী-হাটিয়া (৩.৯৮২ টিকেএম), মুরী- বরকাকানা (৫.১৩১ টিকেএম) টিআরআর (এস) এবং রাঁচী-টৌরী-টিআরআর (এস)-২.৭৫০ টিকেএম সম্পাদন (২য় ডাক)। **টেন্ডার মূল্যঃ** ৩,৬২,৪৩,৬১৭.১১ টাকা। **বায়নামূল্য জমাঃ** ৭,২৪,৯০০ টাকা। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ০৬.১০.২০২৬ দুপুর ৩টা (ক্র.নং. ১ ও ২ প্রতিটির জন্য)। টেন্ডারদাতারা অনলাইন টেন্ডারিং-এর জন্য **www.ireps.gov.in** ওয়েবসাইট দেখুন। **(PR-769)**

ই.সি. কম. নং ২৫/২০২৬
কলিকাতা হাইকোর্টে
বাণিজ্যিক বিভাগ
আদি বিভাগ (অরিজিনাল সাইড)

ওয়েস্ট বেঙ্গল হাইওয়ে ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড
......আবেদনকারী/রোয়েদাদধারী
বনাম
বড়জোড়া অ্যালার্ট কো-অপারেটিভ লেবার কনট্র্যাক্ট অ্যান্ড কনস্ট্রাকশন লিমিটেড
......উত্তরদাতা/রোয়েদাদ-দেনাদার

প্রতি
বড়জোড়া অ্যালার্ট কো-অপারেটিভ লেবার কনট্র্যাক্ট অ্যান্ড কনস্ট্রাকশন লিমিটেড, পশ্চিমবঙ্গ সমবায় সমিতি আইন, ১৯৮৩-র অধীনে নিবন্ধিত একটি সমবায় সমিতি, যার প্রধান ব্যবসায়িক কার্যালয়ের ঠিকানা: একান্ত আপন, দাগ নং ২৩৫২, খতিয়ান নং ৪৬৫৭, বড়জোড়া, বিডিও অফিসের নিকট, বাঁকুড়া, ডাকঘর: বড়জোড়া, থানা: বড়জোড়া, জেলা: বাঁকুড়া, পশ্চিমবঙ্গ ৭২২২০২।

যেহেতু উপরিউক্ত আবেদনকারী/রোয়েদাদধারী আপনাদের বিরুদ্ধে প্রদত্ত ৭ মার্চ, ২০২০ তারিখের রোয়েদাদ (অ্যাওয়ার্ড) কার্যকর করার জন্য উপরে উল্লিখিত জারি মামলা দায়ের করেছেন, যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত প্রার্থনা করা হয়েছে: ট্যাবুলার স্টেটমেন্টের (সারণিবদ্ধ বিবরণী) সমর্থনে প্রদত্ত হলফনামার ২৪ ও ২৫ নং অনুচ্ছেদে বর্ণিত রোয়েদাদ-দেনাদারের অস্থাবর ও স্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের নির্দেশ দেওয়া হোক এবং তা থেকে প্রাপ্ত অর্থ ৭ মার্চ, ২০২০ তারিখের রোয়েদাদের অধীন প্রাপ্য অর্থের তৎপরিমাণ (প্রো টান্টো) পরিশোধ বাবদ রোয়েদাদধারীকে প্রদান করা হোক; রোয়েদাদ-দেনাদারের নামে থাকা সমস্ত ব্যাঙ্ক অ্যাকাউন্ট ক্রোকের নির্দেশ দেওয়া হোক; রোয়েদাদ-দেনাদারের পাওনা বা পাওনা হতে চলা অর্থ প্রকাশ ও জমা করার জন্য গার্নিশিদের (তৃতীয় পক্ষ দেনাদার) প্রতি নোটিস জারি করা হোক; দেওয়ানি কার্যবিধির (সি.পি.সি.) অর্ডার XXI রুল ৪১ অনুযায়ী সমস্ত সম্পদ, ব্যাঙ্ক অ্যাকাউন্ট, বিনিয়োগ, স্থাবর সম্পত্তি, প্রাপ্য অর্থ ও অন্যান্য আর্থিক স্বার্থ শপথপূর্বক প্রকাশের নির্দেশ দেওয়া হোক এবং তা না করা হলে দায়িত্বশীল আধিকারিক/সদস্যদের জিজ্ঞাসাবাদের অনুমতি দেওয়া হোক; দেওয়ানি কার্যবিধির অর্ডার XXI রুল ৫৪ অনুযায়ী ক্রোকের আদেশ জারি করা হোক এবং প্রয়োজনে ক্রোককৃত সম্পত্তির দখল গ্রহণ ও বিক্রয়ের জন্য রিসিভার নিয়োগ করা হোক; রোয়েদাদের অর্থ পরিশোধ না হলে, অর্থ আদায় না হওয়া পর্যন্ত রোয়েদাদ-দেনাদারের প্রধান সদস্য/পদাধিকারীদের গ্রেফতার করে দেওয়ানি কারাগারে আটক রাখার নির্দেশ দেওয়া হোক; জারি মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত রোয়েদাদ-দেনাদারকে সম্পদ হস্তান্তর, স্বত্বান্তর বা দায়ভারগ্রস্ত করা থেকে বিরত রাখার অন্তর্বর্তীকালীন আদেশ দেওয়া হোক; এবং মহামান্য আদালত যেরূপ উপযুক্ত ও যথাযথ মনে করবেন সেরূপ আরও বা অন্য কোনও আদেশ দেওয়া হোক।

মাননীয় বিচারপতি গৌরাঙ্গ কান্থ কর্তৃক প্রদত্ত ২৭ আগস্ট, ২০২৬ তারিখের আদেশবলে মহামান্য বিচারপতি সদয় হয়ে রোয়েদাদধারীকে সংবাদপত্রে প্রকাশের ব্যবস্থা করার নির্দেশ দিয়েছেন। মামলাটি ২৪ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে তালিকাভুক্ত হবে।

সাক্ষী: মাননীয় তপোব্রত চক্রবর্তী, কলিকাতা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি, দুই হাজার ছাব্বিশ সালের আগস্ট মাসের ২৭ তারিখ।

রাজশ্রী ভৌমিক, অ্যাডভোকেট,
নিক্কো হাউস,
২, হেয়ার স্ট্রিট,
৬ষ্ঠ তল, রুম নং ১বি/৬১৫,
কলকাতা ৭০০০০১
মোবাইল:
৯৮৭৪৭১২৯৭৭/৮৯১০৯০০৮৯৮

স্বাঃ/- ৮.৯.২০২৬
রেজিস্ট্রার (ও.এস.)-এর পক্ষে
কলিকাতা হাইকোর্ট
আদি বিভাগ

GOVERNMENT OF WEST BENGAL
INFORMATION WANTED



This is the photograph of **Rakhi Das,** Father’s Name - **Bhola Das,** of Patuli Shibtala, PO - Abdalpur, PS - Madhyamgram, Dist - North 24 Pgs, Who has been missing since 04.08.2026, at about 05.00 hrs, Residential area under Madhyamgram PS, Description of this Missing person is: **Age** - 19 Years (Approx), **Height** - 5 Feet (Approx), **Complexion** - Sallow, **Wearing** - White Churidar & White Pant, **Language** - Bengali. Please Contact Officer in Charge, Missing Persons Bureau, C.I.D., West Bengal, Bhabani Bhaban, Kolkata-700027, Phone No. 033-24506120.

ICA-D 1392(3)/2026

ফর্ম নং ৩
[দেখুন রেগুলেশন-১৩(১)(এ)]

ঋণ পুনরুদ্ধার আদালত কলকাতা (ডিআরটি ৩)
নয় তলা, জীবন সুধা বিল্ডিং, ৪২-সি, জওহর লাল নেহরু রোড, কলকাতা- ৭০০০৭১

কেস নং: ওএ/৭২৪/২০১৭

অ্যাক্টের সেকশন ১৯-এর সাব সেকশন (৪) তৎসহ ডেবট্‌স রিকভারি ট্রাইবুনাল (প্রসিডিওর) রুলস, ১৯৯৩-এর রুল ৫-এর সাব-রুল (২এ)-এর নিরিখে সমন।

ইএক্সএইচ নং: ৭৩৩২

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক
বনাম
অনির্বাণ গুপ্ত

প্রতি,
(১) অনির্বাণ গুপ্ত
২৬৯ সাহাপুর কলোনি বঙ্কিম মুখার্জি সরণি নিউ আলিপুর কলকাতা ৭০০০৫৩ দক্ষিণ চব্বিশ পরগনা, পশ্চিমবঙ্গ- ৭০০০৫৩
(২) শ্রী অনির্বাণ কুমার সাহা
২০৩ বেচারাম চ্যাটার্জি রোড, বেহালা কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০৩৪

সমন

যেহেতু, ওএ/৭২৪/২০১৭ সম্মানীয় অধিষ্ঠাতা আধিকারিক/রেজিস্ট্রারারের উপস্থিতিতে **১৮.০৬.২০২৬** তারিখে নথিভুক্ত।

যেহেতু, এই সম্মানীয় বিচারসভা জানাচ্ছেন যে উক্ত আবেদনের সাপেক্ষে আপনাদের বিরুদ্ধে বাকি থাকা **৩০৮২৭৯৮.২৫ টাকা** আদায়ের জন্য অ্যাক্টের সেকশন ১৯(৪) (ওএ) অনুযায়ী সমন/ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। (সমস্ত নথি এবং নকল ইত্যাদির সাথে আবেদন সংযুক্ত করা হয়েছে)।

অ্যাক্টের সেকশন ১৯-এর সাব সেকশন (৪) অনুযায়ী আপনি এবং অন্যান্য প্রতিবাদীদের নিম্নলিখিত নির্দেশ দেওয়া হয়েছে:

(১) কেন ত্রাণের প্রার্থনা অনুমোদন করা উচিত নয় সেই ব্যাপারে সমন পাওয়ার তিরিশ দিনের মধ্যে কারণ দর্শাতে হবে।

(২) সম্পত্তির বা বিশদ বিবরণ অথবা সম্পত্তি ছাড়া অন্য সম্পদের এবং আবেদনকারী দ্বারা আসল আবেদনের ক্রমিক নং ৩এ-তে উল্লেখ করা সম্পদের তথ্য প্রকাশ করতে হবে।

(৩) সুরক্ষিত সম্পত্তি এবং এই জাতীয় অন্যান্য সম্পদ এবং সম্পত্তি যা প্রকৃত আবেদনের ক্রমিক নং ৩এ-তে প্রকাশ হয়েছে সেগুলি নিয়ে কোনও রকমের লেনদেন বা নিষ্পত্তি থেকে আপনাদের সংযত থাকতে হবে, যেহেতু এই সংক্রান্ত শুনানি এবং নিষ্পত্তি বাকি আছে।

(৪) আদালতের অনুমোদন ছাড়া আসল আবেদনের ক্রমিক নং ৩এ-তে উল্লেখ করা বা প্রকাশ করা যে কোনও সম্পত্তি সংক্রান্ত সাধারণ ব্যবসায়িক কাজ ছাড়া আপনারা বিক্রয়, লিজ বা অন্যান্য ক্ষেত্রে সম্পত্তি সংক্রান্ত কোনও রকম স্থানান্তর করবেন না।

(৫) সাধারণ ব্যবসা এবং জমা পড়ার জন্য সুরক্ষিত সম্পদের বা অন্যান্য সম্পদের বিক্রির ক্ষেত্রে আপনি দায়ী থাকবেন, যার হিসাব এবং সিকিউরিটি ইন্টারেস্ট এই সমস্ত সম্পদের সাথে সংশ্লিষ্ট ব্যাঙ্ক বা অর্থনৈতিক সংস্থার সাথে যুক্ত।

এছাড়াও আপনাদের নির্দেশ দেওয়া হচ্ছে আবেদনকারীর কাছে একটি লিখিত বিবৃতি তার নকল-সহ দাখিল করা এবং **৩০.০৯.২০২৬ তারিখে সকাল ১০:৩০**-এর সময় **রেজিস্ট্রারারের** কাছে উপস্থিত হওয়া। যাতে ব্যর্থ হলে আপনার অনুপস্থিতিতেই আবেদন শোনানো হবে এবং সেই অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হবে।

পেপার বুকের জন্য এই ইউআরএল ফলো করুন: https://cis.drt.gov.in/drtlive/paperbook.php?ri=202648281O630

এই আদালতের সিল সমেত আমার দ্বারা প্রদত্ত হল ৩০/০৭/২০২৬ তারিখে।

দ্রষ্টব্য: যা প্রযোজ্য নয় তা কেটে দিন।

স্বাক্ষর/-
রেজিস্ট্রারার-ইন-চার্জ
ভারত সরকার
অর্থ মন্ত্রণালয়
কলকাতা ঋণ পুনরুদ্ধার আদালত- ৩

এসএমএফজি ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লিমিটেড

SMFG India Credit
Pragati Ki Nayi Pehchaan

কর্পোরেট কার্যালয়: একাদশ তল, অফিস নং ১০১, ১০২ ও ১০৩, ২ নর্থ এভিনিউ, মেকার ম্যাক্সিটি, বান্দ্রা কুরলা কমপ্লেক্স, বান্দ্রা (পূর্ব), মুম্বই - ৪০০০৫১, **নথিবদ্ধ কার্যালয়:** কমারজোন আইটি পার্ক, টাওয়ার বি, দ্বিতীয় তল, নং ১১১, মাউন্ট পুনামালি রোড, পরুর, চেন্নাই, তামিলনাড়ু - ৬০০১১৬।

স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকন্সট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস্ অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ তৎসহ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) নিয়মাবলী, ২০০২-এর নিয়ম ৮ ও ৯ অনুসারে স্থাবর সম্পত্তি(গুলি) বিক্রয়ের জন্য ১৫ দিনের ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি। এতদ্বারা সাধারণ জনগণকে এবং সঙ্গে ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদাতা(গণ)কে নির্দিষ্ট করে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, নিচে বর্ণনা দেওয়া সুরক্ষিত পাওনাদারের কাছে বন্ধকে/প্রতিশ্রুতবদ্ধ থাকা স্থাবর সম্পত্তিগুলি, যা এসএমএফজি ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লিমিটেড (‘এসএমএফজি ক্রেডিট’)-এর অনুমোদিত আধিকারিক দ্বারা দখলে নেওয়া হয়েছে, যেগুলি নীচে দেওয়া পাওনা মূল্য এবং পরবর্তী সুদ এবং অন্যান্য খরচ যত দিন না পুরো বকেয়া মেটে, যা ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদাতা(গণ)-এর থেকে এসএমএফজি ক্রেডিট/ সুরক্ষিত পাওনাদারের পাওনা রয়েছে তা পুনরুদ্ধারের জন্য ‘যেখানে আছে সেখানে’, ‘যেমন আছে তেমন’ এবং ‘যা কিছু আছে তা’ শর্তে নিচে দেওয়া তারিখ ও সময়ে বিক্রয় করা হবে। সংরক্ষিত মূল্য, অগ্রিম জমা দেওয়ার মূল্য (ইএমডি) এবং ইএমডি জমা দেওয়ার শেষ তারিখ নিচে বর্ণিত হল:

ঋণগ্রহীতা(গণ)/ জামিনদাতা(গণ)	দাবির বিজ্ঞপ্তির তারিখ ও মূল্য	স্থাবর সম্পত্তির বিস্তারিত বিবরণ দখলের ধরন	সংরক্ষিত মূল্য, ইএমডি, দর বৃদ্ধির পরিমাণ এবং ইএমডি জমা দেওয়ার শেষ তারিখ	ই-নিলামের তারিখ ও সময়
১. মেসার্স শেখ সাজামল (ঋণগ্রহীতা) ২. শেখ সাজামল (সহ-ঋণগ্রহীতা) ৩. হাসানুর শেখ (সহ-ঋণগ্রহীতা) এলএএন- ১৮৬৩২১৩১ ০৫৫৩১২৮	তারিখ: ০৫-০৬-২০২৩ ৪১,৫৪,৪৪৪ টাকা [একচল্লিশ লক্ষ চুয়ান্ন হাজার চারশো চুয়াল্লিশ টাকা মাত্র] ১৫-০৫-২০২৩ তারিখ পর্যন্ত	গ্রাউন্ড ফ্লোরের অংশে ঘর নং ১, ২, ৬, ৮, ৯ এবং ১৩ পরিমাপ প্রায় ৫৮৫ বর্গফুট ভবনে রয়েছে এবং এটি যে জমির প্লটের উপর নির্মিত তার পরিমাপ প্রায় ০৮ শতক আর.এস দাগ নং ৫৩০- এর অংশ গঠন করছে সংশ্লিষ্ট এল.আর দাগ নং ৫৭৩ আর.এস খতিয়ান নং ১৪১৪- এর অধীনে সংশ্লিষ্ট হাল খতিয়ান নং ৮৬৮/১, জে.এল নং ০২ মৌজা বুড়িখালি থানা বাউরিয়ার অধীনে জেলা হাওড়া বর্তমানে মিউনিসিপ্যাল হোল্ডিং নং ৩০এ/১৩৬৮এ/১১৮এ হিসেবে পরিচিত ও সংখ্যাযুক্ত, পশ্চিম বুড়িখাল স্টেশন রোড ডোমজুড় রোড (ট্যাক্স অনুসারে) উলুবেড়িয়া মিউনিসিপ্যালিটির সীমার মধ্যে হাওড়া ৭১১৩১০ মিউনিসিপ্যাল ওয়ার্ড নং ০৯ (২২) (ট্যাক্স অনুসারে)। বাস্তবিক দখল- ১০-০৩-২০২৬	স্থির হওয়া সংরক্ষিত মূল্য (আর.পি): ২৭,০০,০০০ টাকা (সাতাশ লক্ষ টাকা মাত্র) দর বৃদ্ধির পরিমাণ: ২০,০০০ টাকা (কুড়ি হাজার টাকা মাত্র) অগ্রিম জমার মূল্য (ইএমডি): ২,৭০,০০০ টাকা (দুই লক্ষ সত্তর হাজার টাকা মাত্র) ইএমডি জমা দেওয়ার শেষ তারিখ: ১২-১০-২০২৬	নিলামের তারিখ: ১৩-১০-২০২৬ নিলামের সময়: সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত সংসর্গের খরচ এবং রক্ষণাবেক্ষণের বকেয়া ইত্যাদির ক্ষেত্রে দায়ভার অনুমোদিত আধিকারিকের অজানা এসএ/৩৭৮/২০২৬ ছাড়া যেটা ডিওয়াই/৬৩৭/২০২৬ থেকে উদ্ভূত যা ডিআরটি-১, কলকাতায় মুলতুবি রয়েছে

বিক্রয়ের নিয়ম ও শর্তাবলী বিশদ ভাবে জানতে অনুগ্রহ করে এসএমএফজি ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লিমিটেড/ সুরক্ষিত পাওনাদারের ওয়েবসাইটে দেওয়া লিঙ্কে যান, ওয়েবসাইটটি হল: www.smfgindiacredit.com।

তারিখ: ১৬.০৯.২০২৬, স্থান: পশ্চিমবঙ্গ

স্বা/- অনুমোদিত আধিকারিক, এসএমএফজি ইন্ডিয়া ক্রেডিট কোম্পানি লিমিটেড

GOVERNMENT OF WEST BENGAL
e-TENDER NOTICE

e-Tender is invited by Commissioner of Police, Kolkata from Bonafide Dealers/ OEM/Traders having experience in **1) Supply & Maintenance of 07 Nos. Explosive Vapour Detector (EVD) 2) Supply & Maintenance of 04 nos. Fibre Optical Surveillance Set (FOSS) 3) Supply & Maintenance of 12 nos. Non Linear Junction Detector (NLJD).** Last date of submission of tender is on **07.10.2026 up to 3:00 P.M.** The NIT Document and other details are available in the website **https://www.wbtenders.gov.in** & **https://www.kolkatapolice.gov.in**
Sd/-For Commissioner of Police, Kolkata.

ICA- T17916(3)/2026

ফর্ম নং ৩
[দেখুন রেগুলেশন-১৩(১)(এ)]

ঋণ পুনরুদ্ধার আদালত কলকাতা (ডিআরটি ২)
অষ্টম তল, জীবন সুধা বিল্ডিং, ৪২-সি, জহর লাল নেহরু রোড, কলকাতা- ৭০০ ০৭১।

কেস নং: ওএ/৪৩/২০২৬

অ্যাক্টের সেকশন ১৯-এর সাব সেকশন (৪) তৎসহ ডেবট্‌স রিকভারি ট্রাইবুনাল (প্রসিডিওর) রুলস, ১৯৯৩-এর রুল ৫-এর সাব-রুল (২এ)-এর নিরিখে সমন।

ইএক্সএইচ নং: ৭২৩৪

ইন্ডিয়ান ব্যাঙ্ক
- বনাম -
মেসার্স বিনায়ক এন্টারপ্রাইজ

প্রতি,
(১) মেসার্স বিনায়ক এন্টারপ্রাইজ, দেবী চিত্তরঞ্জন রোড বিজনেস প্লাই, নিয়ামতপুর, পোস্ট- সীতারামপুর, থানা- কুলটি, বর্ধমান, পশ্চিমবঙ্গ- ৭১৩ ৩৫৯।
(২) মিঃ রাম কৃষ্ণ গুপ্ত, পিতা- মিঃ সখি চাঁদ গুপ্ত, আলিশান অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং ৩সি, এস.বি গড়াই রোড, আসানসোল, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ- ৭১৩ ৩০৪।
(৩) মিসেস মালা গুপ্ত, স্বামী- মিঃ রাম কৃষ্ণ গুপ্ত, আলিশান অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং ৩সি, এস.বি গড়াই রোড, আসানসোল, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ- ৭১৩ ৩০৪।
(৪) মিঃ উত্তম গুপ্ত, পিতা- মিঃ সখি চাঁদ গুপ্ত, বিআর, এম.বি রোড, সোপেন কালী মন্দিরের কাছে, আসানসোল (এম. কর্প.), বর্ধমান পশ্চিমবঙ্গ- ৭১৩৩০১।

সমন

যেহেতু, **ওএ/৪৩/২০২৬** সম্মানীয় অধিষ্ঠাতা আধিকারিক/রেজিস্ট্রারারের উপস্থিতিতে **২৫.০৬.২০২৬** তারিখে নথিভুক্ত।

যেহেতু, এই সম্মানীয় বিচারসভা জানাচ্ছেন যে উক্ত আবেদনের সাপেক্ষে আপনাদের বিরুদ্ধে বাকি থাকা **১,০৮,০৩,৯৮৫.০০ টাকা** আদায়ের জন্য অ্যাক্টের সেকশন ১৯(৪) (ওএ) অনুযায়ী সমন/ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। (সমস্ত নথি এবং নকল ইত্যাদির সাথে আবেদন সংযুক্ত করা হয়েছে)।

অ্যাক্টের সেকশন ১৯-এর সাব সেকশন (৪) অনুযায়ী আপনি এবং অন্যান্য প্রতিবাদীদের নিম্নলিখিত নির্দেশ দেওয়া হয়েছে:
(১) কেন ত্রাণের প্রার্থনা অনুমোদন করা উচিত নয় সেই ব্যাপারে সমন পাওয়ার তিরিশ দিনের মধ্যে কারণ দর্শাতে হবে;
(২) সম্পত্তির বা বিশদ বিবরণ অথবা সম্পত্তি ছাড়া অন্য সম্পদের এবং আবেদনকারী দ্বারা আসল আবেদনের ক্রমিক নং ৩এ-তে উল্লেখ করা সম্পদের তথ্য প্রকাশ করতে হবে;
(৩) সুরক্ষিত সম্পত্তি এবং এই জাতীয় অন্যান্য সম্পদ এবং সম্পত্তি যা প্রকৃত আবেদনের ক্রমিক নং ৩এ-তে প্রকাশ হয়েছে সেগুলি নিয়ে কোনও রকমের লেনদেন বা নিষ্পত্তি থেকে আপনাদের সংযত থাকতে হবে, যেহেতু এই সংক্রান্ত শুনানি এবং নিষ্পত্তি বাকি আছে;
(৪) আদালতের পূর্বানুমোদন ব্যতীত যে কোনও সম্পদ, সাধারণ ব্যবসায়িক কাজ ছাড়া আপনারা বিক্রয়, লিজ বা অন্যান্য ক্ষেত্রে এমন কোনও সম্পদ হস্তান্তর করতে পারবেন না যার উপর সিকিউরিটি ইন্টারেস্ট তৈরি করা হয়েছে এবং/অথবা অন্যান্য সম্পদ ও সম্পত্তিসমূহ যা আসল আবেদনের ক্রমিক নং ৩এ-তে উল্লেখ করা বা প্রকাশ করা হয়েছে;
(৫) সাধারণ ব্যবসা এবং জমা পড়ার জন্য সুরক্ষিত সম্পদের বা অন্যান্য সম্পদের বিক্রির ক্ষেত্রে আপনি দায়ী থাকবেন, যার হিসাব এবং সিকিউরিটি ইন্টারেস্ট এই সমস্ত সম্পদের সাথে সংশ্লিষ্ট ব্যাঙ্ক বা অর্থনৈতিক সংস্থার সাথে যুক্ত।

এছাড়াও আপনাদের নির্দেশ দেওয়া হচ্ছে আবেদনকারীর কাছে একটি লিখিত বিবৃতি তার নকল সহ দাখিল করা এবং **১৭.০৯.২০২৬ তারিখে সকাল ১০:৩০**-এর সময় **রেজিস্ট্রারারের** কাছে উপস্থিত হওয়া। যাতে ব্যর্থ হলে আপনার অনুপস্থিতিতেই আবেদন শোনানো হবে এবং সেই অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হবে।

এই আদালতের সিল সমেত আমার দ্বারা প্রদত্ত হল ৩০.০৬.২০২৬ তারিখে।

স্বাক্ষর/- অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রারার
কলকাতা ডিআরটি- ২

হাওড়া ডিভিশনের ক্ষেতিয়া, কাঁঠালিয়া রোড ও বরমসিয়া হল্ট স্টেশনে হল্ট কন্ট্র্যাক্টর নিয়োগ

এম-ইউটিএস-এর মাধ্যমে টিকিট বিক্রির জন্য

নং ঃ সিওএম/ডিইভি/হল্ট/ কেএসএইচটি/ কেটিএলআর/বিআরএমএ/২০২৬, তারিখ ঃ ১৫.০৯.২০২৬

হাওড়া ডিভিশনের **ক্ষেতিয়া, কাঁঠালিয়া রোড ও বরমসিয়া হল্ট স্টেশনে মোবাইল ইউটিএস-এর মাধ্যমে অসংরক্ষিত টিকিট বিক্রির উদ্দেশ্যে** নির্ধারিত কমিশনের ভিত্তিতে **পাঁচ বছরের জন্য** সম্পূর্ণ চুক্তিভিত্তিক হল্ট কন্ট্র্যাক্টর নিয়োগ করতে যোগ্য ব্যক্তিদের থেকে নির্ধারিত বয়ানে আবেদন আহ্বান করা হচ্ছে। **(১) হল্টের নাম ঃ** ক্ষেতিয়া, **অবস্থান ঃ** বর্দ্ধমান-কাটোয়া লাইনে কামনারা ও চামারদিঘী স্টেশনের মধ্যে, **জেলা ঃ** পূর্ব বর্দ্ধমান, **রাজ্য ঃ** পশ্চিমবঙ্গ; **(২) হল্টের নাম ঃ** কাঁঠালিয়া রোড, **অবস্থান ঃ** কাটোয়া-আজিমগঞ্জ লাইনে চৌরীগাছা ও কর্ণসুবর্ণ স্টেশনের মধ্যে, **জেলা ঃ** মুর্শিদাবাদ, **রাজ্য ঃ** পশ্চিমবঙ্গ; **(৩) হল্টের নাম ঃ** বরমসিয়া, **অবস্থান ঃ** রামপুরহাট-দুমকা লাইনে শিকারিপাড়া ও কুরুয়া স্টেশনের মধ্যে, **জেলা ঃ** দুমকা, **রাজ্য ঃ** ঝাড়খণ্ড। **যোগ্যতার শর্তাবলী ঃ ১।** আবেদনকারীকে স্টেশনগুলি যে জেলায় অবস্থিত সেখানকার স্থানীয় বাসিন্দা হতে হবে অর্থাৎ ক্ষেতিয়া স্টেশনের ক্ষেত্রে পূর্ব বর্দ্ধমান (পশ্চিমবঙ্গ), কাঁঠালিয়া রোড স্টেশনের ক্ষেত্রে মুর্শিদাবাদ (পশ্চিমবঙ্গ) এবং বরমসিয়া স্টেশনের ক্ষেত্রে দুমকা (ঝাড়খণ্ড) জেলার বাসিন্দা হতে হবে। তার জন্য আবেদনকারীকে, হল্ট স্টেশনটি যে জেলায় অবস্থিত সেই জেলার ডিএম/এডিএম/এসডিও/বিডিও-র থেকে একটি স্থানীয় বাসিন্দার শংসাপত্র বা গেজেটেড অফিসার দ্বারা যথাযথভাবে প্রত্যয়িত ভোটার পরিচয়পত্রের একটি প্রতিলিপি জমা করতে হবে। স্থানীয় বাসিন্দার শংসাপত্রটি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। **২। ০১.০৯.২০২৬** তারিখে আবেদনকারীর বয়স ১৮ বছরের নিচে হলে চলবে না। আবেদনকারীকে অন্তত ১০ম শ্রেণী উত্তীর্ণ হতে হবে এবং সহজ ইংরেজিতে কাজের জ্ঞান থাকতে হবে যাতে তিনি স্টেশনের নাম ও টিকিটের দাম পড়তে পারেন। মাধ্যমিক পরীক্ষার পাস সার্টিফিকেট সহ গেজেটেড অফিসার দ্বারা প্রত্যয়িত শিক্ষাগত যোগ্যতার শংসাপত্র ও বয়সের প্রামাণ্য নথির কপি আবেদনপত্রের সঙ্গে জমা করতে হবে। **৩।** আবেদনকারীকে কোন রেজিস্টার্ড মেডিক্যাল প্র্যাক্টিশনার দ্বারা প্রদত্ত মেডিক্যাল সার্টিফিকেট জমা দিতে হবে এই মর্মে যে তিনি সক্রিয় পরিষেবা প্রদানে সমর্থ এবং সংক্রামক ব্যাধিমুক্ত। **৪।** নির্বাচনের পরে, প্রার্থীকে পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট জমা দিতে হবে এবং ২,০০০ টাকা সিকিউরিটি ডিপোজিট হিসেবে জমা করতে হবে। **৫।** হল্ট কন্ট্রাক্টরকে ব্লুটুথ এনেবল থার্মাল প্রিন্টার (মোবাইল/ ডেস্কটপ)-এর জন্য, সময়ে সময়ে রেলওয়ে কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আরেকটি সিকিউরিটি ডিপোজিট রাশি ব্যাঙ্ক গ্যারান্টি/ফিক্সড ডিপোজিট/মানি রিসিট/ডিমান্ড ড্রাফ্ট রূপে জমা দিতে হবে। **৬।** এছাড়াও হল্ট কন্ট্রাক্টরকে ইস্যু করা টিকিট রোলের জন্য, সিকিউরিটি ডিপোজিট হিসেবে **২৫,০০০ টাকা** এমআর/ডিডি/ এফডি/বিজি রূপে ফেরৎযোগ্য জমা দিতে হবে। **প্রদেয় কমিশন নিম্নরূপ ঃ** বিক্রির টার্নওভার টাকায় এবং প্রদেয় কমিশন ঃ (১) ১ - ১৫,০০০ ও ১৫%। (২) ১৫,০০১ - ৫০,০০০ ও ১২%। (৩) ৫০,০০১ - ১,০০,০০০ ও ৯%। (৪) ১,০০,০০১ - ২,০০,০০০ ও ৬%। (৫) ২,০০,০০১ এবং অধিক ও ৩%। **বিশদ নিয়ম ও শর্তাবলী সহ আবেদনের বয়ান পাওয়া যাবে ঃ** আবেদনপত্রের বয়ান এবং বিশদ নিয়ম ও শর্তাবলী **সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, কমার্শিয়াল ব্রাঞ্চ, ২য় তল, নিউ ডিআরএম বিল্ডিং, পূর্ব রেলওয়ে, হাওড়া, পিন-৭১১১০১**-এর কার্যালয়ে **১৬.০৯.২০২৬ তারিখ থেকে ০৭.১০.২০২৬ তারিখ পর্যন্ত সকাল ১১টা থেকে বিকাল ৫টা অবধি** প্রতি কাজের দিনে (ছুটির দিন বাদে) পাওয়া যাবে এবং **০৭.১০.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে দুপুর ১২টা অবধি** পাওয়া যাবে। আবেদনপত্রের বয়ান এবং বিশদ নিয়ম ও শর্তাবলী পূর্ব রেলওয়ের অফিশিয়াল ওয়েবসাইট **www.er. indianrailways.gov.in** থেকেও ডাউনলোড করা যাবে। **আবেদনপত্র জমা ঃ ১৬.০৯.২০২৬ তারিখ থেকে ০৭.১০.২০২৬ তারিখ পর্যন্ত** প্রতি কাজের দিনে (ছুটির দিন বাদে) **সকাল ১১টা থেকে বিকাল ৫টা অবধি।** অবশ্য, **১৬.০৯.২০২৬ তারিখে দুপুর ১টা থেকে বিকাল ৫টা অবধি** এবং **০৭.১০.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত** তা জমা দেওয়া যাবে। নির্ধারিত বয়ানে সঠিকভাবে পূরণ করা আবেদনপত্রের সাথে গেজেটেড অফিসার দ্বারা প্রত্যয়িত প্রমাণপত্রের প্রতিলিপি সংযুক্ত করে “............ **হল্ট স্টেশনে হল্ট কন্ট্রাক্টর পদের জন্য আবেদন**” শীর্ষাঙ্কিত মুখবন্ধ খামে ভরে ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (কমার্শিয়াল), পূর্ব রেলওয়ে, হাওড়া, যাত্রী নিবাস, ৫ম তল, কমার্শিয়াল ব্রাঞ্চ, হাওড়া, পিন-৭১১১০১-কে সম্বোধন করে জমা করতে হবে। সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, হাওড়ার কার্যালয়ে এই উদ্দেশ্যে রাখা বাক্সে আবেদন জমা করতে হবে। **আবেদন বাক্স খোলা ঃ ০৭.১০.২০২৬ তারিখ দুপুর ২টায়** সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, হাওড়া-এর কার্যালয়ে। যদি কোনো কারণে ছুটি বা অপ্রত্যাশিত কারণের জন্য অফিস বন্ধ থাকে, আবেদন পরবর্তী কাজের দিনে একই সময় ও স্থানে খোলা হবে। **আবেদনপত্রের সম্পূর্ণ বিবরণ ও বিস্তারিত নিয়ম ও শর্তাবলী যেখানে দেখা যাবে ঃ** অফিসিয়াল ওয়েবসাইট **www.er.indianrailways.gov.in**-এ এবং সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়ার কার্যালয়ের নোটিশ বোর্ডে।

ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (কমার্শিয়াল), হাওড়া

পূর্ব রেলওয়ে

অনুসরণ করুন ঃ @EasternRailway @easternrailwayheadquarter